



তারিখ: _____

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

অনুগ্রহ করে জেনে রাখুন যে আপনার সন্তানের মাথায় উকুন পাওয়া গেছে। মাথার উকুন সাধারণত স্কুলগামী শিক্ষার্থীদের হয়ে থাকে। মাথার উকুন নোংরামির কোনো লক্ষণ নয় এবং এটা যে কারো হতে পারে। উকুন থেকে রোগ জিবানু ছড়ায় না এবং কারো স্বাস্থ্য হানি ঘটায় না।

এই চিঠির সাথে দেয়া ফ্যাক্টস এবাউট হেড লাইস (“Facts About Head Lice”) এবং গাইডেন্স ফর ফ্যামিলিজ অন গেটিং রিড অভ হেড লাইস (“Guidance for Families on Getting Rid of Head Lice”) -এ দেয়া তথ্য আপনাকে আপনার সন্তানের মাথার উকুন দ্রুত নিরসনে সাহায্য করবে।

নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোতে “নো হেড লাইস” (“no head lice”) নিয়ম প্রচলিত আছে, তার মানে হচ্ছে যে:

- কোনো শিক্ষার্থীর মাথায় উকুন পাওয়া গেলে যতক্ষণ পর্যন্ত না তার উকুন নিরসনের ব্যবস্থা নেয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাকে স্কুলে আসার অনুমতি দেয়া হবে না।
- উকুন নিরসনের ব্যবস্থা নেয়ার পর, শিক্ষার্থীর মাথায় উকুন শেষ হয়ে যাবার পর তাকে স্কুলে আসতে দেয়া হবে। স্কুলে ফেরার পর প্রিন্সিপ্যাল কর্তৃক নির্ধারিত ব্যক্তি শিক্ষার্থীর মাথায় উকুন আছে কিনা তা পরীক্ষা করবে।
- শিক্ষার্থীকে স্কুলে ফেরত আসার অনুমতি দেয়ার 14 স্কুল দিবসে (ক্যালেন্ডার ডে) (অথবা যদি 14-তম দিন সপ্তাহান্ত অথবা ছুটির দিন হয় তবে আগের দিন) প্রিন্সিপ্যাল কর্তৃক নির্ধারিত ব্যক্তি উকুন আছে কিনা তা আবার পরীক্ষা করে দেখবে।
- আবার পরীক্ষা করে যদি উকুন পাওয়া যায় তবে ঐ শিক্ষার্থীকে আবার স্কুলে আসতে নিষেধ করা হবে।

আমাদের পরামর্শ হচ্ছে আপনি আপনার পরিবারের সবার উকুন আছে কিনা তা পরীক্ষা করে দেখুন এবং প্রয়োজন মত ব্যবস্থা নিন। আমাদের পরামর্শ হচ্ছে আপনি আপনার সন্তানকে মনে করিয়ে দেবেন যেন সে তার চিরুনি, ব্রাশ, অথবা টুপি অন্য কোনো শিক্ষার্থীকে ব্যবহার করতে না দেয়।

আপনার কোন প্রশ্ন থাকলে দয়া করে আপনার ডাক্তারের সাথে আলাপ করুন অথবা স্কুল নার্সের সঙ্গে _____ নম্বরে যোগাযোগ করুন।